

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hajj.gov.bd

স্মারক নং- ১৬.০০.০০০০.০০৩.০২.০০৬.২৪-১৩১৩

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪৩১
০২ ডিসেম্বর ২০২৪

বিষয়: হজযাত্রীদের আমানত পরিশোধ ও হজ কার্যক্রমের অর্থ বিনিয়োগ না করা সংক্রান্ত।


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০২৫ সনে হজে গমনের লক্ষ্যে যে সকল আমানতকারী আপনার ব্যাংকে অর্থ আমানত রেখেছে বা কোন স্কিমের আওতায় অর্থ সঞ্চিত রেখেছে এবং বর্তমানে উক্ত অর্থ হজে যাওয়ার জন্য উত্তোলন করতে চাচ্ছে তাদের অর্থ উত্তোলনে যাতে কোনরূপ প্রতিবন্ধকতার সৃষ্টি না হয় সে বিষয়ে আপনার ব্যাংকের সকল শাখাকে নির্দেশনা দেয়া প্রয়োজন।

০২। আপনার ব্যাংকের বিভিন্ন শাখায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত হজ এজেন্সিসমূহের হজ কার্যক্রমের জন্য নির্ধারিত হিসাব (Account) রয়েছে। এই ব্যাংক হিসাবে হজযাত্রীদের সৌদি পর্বের ব্যয় এবং এয়ারলাইন্স টিকিটের অর্থ জমা রয়েছে এবং এখনো জমা দেয়া হচ্ছে। উল্লিখিত হিসাবসমূহে জমাকৃত অর্থের প্রায় ৫০% ডিসেম্বর মাসের শেষ সপ্তাহে সৌদি আরবে প্রেরণ করতে হবে। সে কারণে জমাকৃত অর্থ অন্যত্র বিনিয়োগ না করার জন্য অনুরোধ করা হলো। হজযাত্রীদের সৌদি পর্বের প্রয়োজনীয় অর্থ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত সোনালী ব্যাংক পিএলসি, রমনা কর্পোরেট শাখার 'AGENCY PILGRIMS FUND PAYBLE TO KSA' শিরোনামের হিসাবে জমা প্রদান করতে হবে।

০৩। বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

ব্যবস্থাপনা পরিচালক

..... প্রধান কার্যালয়, ঢাকা
(হজ কার্যক্রমে সংশ্লিষ্ট সকল ব্যাংক)।


২, ২২, ২৪
মামুন আল ফারুক
উপসচিব


ফোন: +৮৮০২-৫৫১০১১১৯
e-mail: morahajsection@gmail.com

স্মারক নং- ১৬.০০.০০০০.০০৩.০২.০০৬.২৪-১৩১৩

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪৩১
০২ ডিসেম্বর ২০২৪

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
২. উপদেষ্টার একান্ত সচিব (যুগ্মসচিব), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
৩. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৪. ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা
৫. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
৬. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লি., কাওরান বাজার, ঢাকা।
৯. অফিস কপি।


২, ২২, ২৪
মামুন আল ফারুক
উপসচিব